

প্রথম তপশিল

[ধারা ১৪ দ্রষ্টব্য]

অংশ-১

কোনো বিচারক, যাহার ক্ষেত্রে এই আইনের ধারা ১৪ এর দফা (ক) এর বিধান প্রযোজ্য হয় এবং কোনো বিচারক, যাহার ক্ষেত্রে ধারা ১৪ এর দফা (খ) এর বিধান প্রযোজ্য হয় এবং যিনি এই অংশের অধীন পেনশন বাছাই করিয়াছেন তিনি তাহার পেনশনযোগ্য কর্মকালের প্রথম ৫ (পাঁচ) বৎসরের জন্য সর্বশেষ উত্তোলিত মাসিক বেতনের ৮ (আট) ভাগের ৫ (পাঁচ) ভাগের সমপরিমাণ এবং তৎপরবর্তীতে প্রতি পূর্ণাঙ্গ কর্মকালীন বৎসরের জন্য উক্তরূপ বেতনের ৮ (আট) ভাগের ১ (এক) ভাগের সমপরিমাণ পেনশন প্রাপ্য হইবেন। তবে উক্ত মাসিক পেনশনের সাকুল্য পরিমাণ তাহার বিচারক হিসাবে সর্বশেষ উত্তোলিত বেতনের অধিক হইবে না।

অংশ-২

কোনো বিচারক যাহার ক্ষেত্রে ধারা ১৪ এর দফা (খ) এর বিধান প্রযোজ্য হয় এবং যিনি অংশ-১ এর অধীন পেনশন বাছাই করিতে ইচ্ছুক নহেন, তাহার প্রাপ্য পেনশন নিম্নরূপে নির্ধারিত হইবে, যথা :-

- (ক) পেনশন গণনার জন্য বিচারক হিসাবে তাহার কর্মকালকে, তিনি বিচারক হিসাবে নিয়োগপ্রাপ্ত হইবার পূর্বে যে কর্মে বা দপ্তরে দায়িত্বরত ছিলেন সেই কর্মের বা দপ্তরের, দায়িত্বের ধারাবাহিকতা হিসাবে গণ্যক্রমে উক্ত কর্ম বা দপ্তরের দায়িত্বের জন্য প্রযোজ্য পেনশনের সাধারণ নিয়মাবলি অনুযায়ী পেনশন প্রাপ্য হইবেন; এবং
- (খ) প্রতি পূর্ণাঙ্গ কর্মকালীন বৎসরের জন্য তাহার সর্বশেষ উত্তোলিত মাসিক বেতনের ৮ (আট) ভাগের ১ (এক) ভাগের সমপরিমাণ একটি অতিরিক্ত পেনশন প্রাপ্য হইবেন, তবে উক্ত মাসিক পেনশনের সাকুল্য পরিমাণ তাহার বিচারক হিসাবে সর্বশেষ উত্তোলিত বেতনের অধিক হইবে না।

দ্বিতীয় তপশিল
[ধারা ১৭ দ্রষ্টব্য]

অসাধারণ পেনশন এবং আনুতোষিক

বিচারক	আনুতোষিক (টাকা)	বাৎসরিক পেনশন (টাকা)
প্রধান বিচারপতি	৪ (চার) লক্ষ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা	১ (এক) লক্ষ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা
বিচারক বা অতিরিক্ত বিচারক	৪ (চার) লক্ষ ৫০ (পঞ্চাশ) হাজার টাকা	১ (এক) লক্ষ ৪০ (চল্লিশ) হাজার টাকা

পারিবারিক পেনশন এবং আনুতোষিক

(ক) বিধবা (Widows)

বিচারক	আনুতোষিক (টাকা)	বাৎসরিক পেনশন (টাকা)
প্রধান বিচারপতি	৫ (পাঁচ) লক্ষ টাকা	১ (এক) লক্ষ ৪০ (চল্লিশ) হাজার টাকা
বিচারক বা অতিরিক্ত বিচারক	৪ (চার) লক্ষ টাকা	১ (এক) লক্ষ ২০ (বিশ) হাজার টাকা

(খ) সন্তান

	সন্তান প্রতি বাৎসরিক পেনশন (টাকা)
যদি সন্তানের মাতা জীবিত না থাকেন	২০ (বিশ) হাজার টাকা
যদি সন্তানের মাতা জীবিত থাকেন	১২ (বারো) হাজার টাকা